

## বিনামূল্যে বই বিতরণ শুরু

যুগান্তর ডেস্ক

সরকার সারাদেশে প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে বই বিতরণ কার্যক্রম শুরু করেছে। দেশের বিভিন্ন এলাকার বই বিতরণের বরতুলো পাঠিয়েছেন যুগান্তর প্রতিনিধিরা।

**চাঁদপুর :** চাঁদপুরে আনুষ্ঠানিকভাবে ২ জানুয়ারি ছাত্রছাত্রীদের বিনামূল্যে বই বিতরণ শুরু হয়েছে। এ উপলক্ষে সকাল সাড়ে ১০টায় চাঁদপুর হাসান আলী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় মিলনায়তনে এক বই বিতরণ ও অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়। বিদ্যালয়ের পরিচালক পরিষদের সভাপতি সফিউদ্দিন আহমেদের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন চাঁদপুরের জেলা প্রশাসক মোঃ আবদুর রব হাওলাদার।

**গাজীপুর :** গাজীপুর জেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে বই বিতরণ কার্যক্রম গতকাল বৃহস্পতিবার থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। জেলা প্রশাসক মোঃ সাহাব উদ্দাহ বৃহস্পতিবার জেলা শহরের চায়দেবপুর চাকী স্মৃতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বই বিতরণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন। এ উপলক্ষে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি নুরুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ মোদায়েছ হোসেন, গাজীপুর সদর উপজেলার সহকারী শিক্ষা অফিসার সরকার রওশন আরা, প্রধান শিক্ষিকা মাহবুবা রহমান প্রমুখ।